দক্ষ জনশক্তি তৈরীতে কারিগরি শিক্ষার বিকল্প নেই-সাইফুজ্জামান শিখর এমপি

দুস্থ, বিধবা, স্বামী পরিত্যক্ত ও হতদরিদ্র জনগোষ্ঠীকে কর্মসংস্থানমূলক প্রশিক্ষন প্রকল্পের উদ্বোধন করা হয়েছে। বহুমুখী মানবকল্যাণ সংস্থা ও সমাজ কল্যান মন্ত্রনালয়ের যৌথ আয়োজনে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে।

এ উপলক্ষে শনিবার বিকেলে মাগুরা শহরের সৈয়দ আতর আলি রোডে এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বহুমুখী মানবকল্যাণ সংস্থার সভাপতি ও ইসলামি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুস সালাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা-১ আসনের সংসদ সদস্য এ্যাড. সাইফুজ্জামান শিখর। এসময় তিনি বলেন, জনসংখ্যাকে জনশক্তিতে রুপান্তরিত করার নানামুখি প্রয়াস মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নিয়েছেন। সে প্রয়াস থেকেই প্রতিটি ব্যক্তিকে দক্ষ করে গড়ে তুলতে কাজ করছে সরকার।

অনুষ্ঠানের উদ্বোধন করেন সমাজসেবা অধিদপ্তরের মহা পরিচালক শেখ রফিকুল ইসলাম। বহুমুখী মানবকল্যাণ সংস্থার নির্বাহী সভাপতি বিশিষ্ট সাংবাদিক আহমেদ পিপুলের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সমাজসেবা অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক শহিদুল ইসলাম, সমাজ সেবার মাগুরার উপ পরিচালক আসাদুল ইসলাম ।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, সমাজসেবার ঝিনাইদহ উপ পরিচালক আব্দুল লতিফ প্রমুখ।

একইসাথে বহুমুখী মানবকল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মেহেরপুর ও কুষ্টিয়া অফিসে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ প্রকল্পের শুভ উদ্বোধন করা হয়।

এ সময় ঝিনাইদহ, চুয়াডাঙ্গা ও মাগুরার তিনজন কম্পিউটার এবং

ড্রাইভিং প্রশিক্ষনার্থী তাদের অভিব্যক্তির কথা ব্যক্ত করেন। তারা আয়োজক প্রতিষ্ঠানকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে বিভিন্ন জেলার সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দসহ কয়েকশত বেকার নারী ও পুরুষ উপস্থিত ছিলেন।
এ কর্মসূচীর আওতায় মাগুরা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ জেলায় ড্রাইভিং কাম অটো মেকানিকস এবং কম্পিউটার অফিস এপ্লিকেশন কোর্স চালু হয়েছে। ৫ জেলার ২৩ টি উপজেলার ৬ হাজার জন ৬ শত নারী ও পুরুষকে বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হবে।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে ইফতার মাহফিল

জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের পরিবারবর্গের আয়োজনে ইফতার ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
শনিবার গাংনী উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়নে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদেন সাবেক ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম এর সভাপতিত্বে ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, নজরুল ইসলাম, হিসাব উদ্দীন, আব্দুল হান্নান, আব্দুল বাকী প্রমুখ।।

গাংনী পৌর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতুসহ রাজনৈতিক নেতৃবৃন্দ। এসময় মুক্তিযোদ্ধারা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

শারীরিক প্রতিবন্ধী সাদিয়ার চিকিৎসার দ্বায়িত্ব নিলেন জাহেদী ফাউন্ডেশন

সাদিয়ার বয়স মাত্র ৫বছর। অভাব কি? তা বোঝার বয়স এখনো হয়নি তার। তবে সাদিয়া বোঝে হাটতে না পারার কি যন্ত্রণা।

ভাই বোনদের মত সেও চাই হাটতে চলতে চাই,চাই খেলা করতে,চাই স্কুলে যেতে। কিন্তু জন্ম থেকে শারিরিক প্রতিবন্ধী সাদিয়ার নেই সে ক্ষমতা। ডাক্তার বলেছে চিকিৎসা করাতে পারলে সে সুস্থ্য হবে।

সাদিয়া ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার শ্রীরামপুর গ্রামের ইছাহকের মেয়ে। তাইতো দরিদ্র মা তার শিশুুটিকে নিয়ে ঘুরছেন মানুষের দ্বারে দ্বারে।

ছোট্ট শিশুকন্য সাদিয়াকে দেখে কার না মায়া লাগে! আর তাইতো দুপাঁচ টাকা দিচ্ছেনও অনেকে।কিন্তু তার চিকিৎসার ব্যায় হবে প্রায় লক্ষাধীক টাকা।

এমন রিদয় বিদয়ক ঘটনা দেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌর মেয়র ফারুক হোসেন নেন সাদিয়ার চিকিৎসার দ্বায়িক্ত। ডাক্তারী পরামর্শ নিয়ে জাহেদী ফাউন্ডেশনে আবেদনের মাধ্যমে নাসের শাহরিয়া মুহুলের মাধ্যমে চিকিৎসার দ্বায়ভার এবং চিকিৎসা বাবদ নগট তুলে দেন ৫৫ হাজার টাকা।

এসময় উপস্থিত ছিলেন,প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান,আব্দুর রাজ্জাক,উপজেলা প্রেসক্লাবের সাধারণ সস্পাদক জাফিরুল ইসলাম প্রমূখ।

একই সময় হরিণাকুণ্ডু পৌর সভার পক্ষ থেকে প্রতিটি মসজিদে নগদ দশ হাজার টাকা আর্থিক অনুদান প্রদানসহ এডিপির অর্থায়নে ১০৬টি টিউবওয়েল স্থাপনা পরিদর্শন করেন পৌর মেয়র ফারুক হোসেন।

ফুটন্ত সূর্যমুখী কুষ্টিয়া শহরের সৌন্দর্য বৃদ্ধি করেছে

কুষ্টিয়া শহরের এনএস রোডের সড়ক বিভাজনের মাঝে সূর্যমুখী ফুলের বীজ বপন করে আলোড়ন সৃষ্টি করেছে। এর মুল নায়ক কুষ্টিয়া জেলা ছাত্রলীগ কর্মী ইন্তাদুল হক পাপ্পু। তার বাড়ী মিরপুর উপজেলার আমলা এলাকায়।

কৃষক বাবার মাঠের জমিতে সূর্যমুখী চাষে অভিভূত হয়ে তিনি কুষ্টিয়া শহরের এই সড়ক বিভাজনের মাঝে সূর্যমুখী ফুলের বীজ রোপণের উদ্যোগ নেন। এরপর মাস দুয়েক আগে তিনি আধা কেজি সূর্যমুখী বীজের চারা রোপন করেন।

সেই বীজ অঙ্কুরোদগম হয়ে এই দুই মাসে প্রস্ফুটিত হয়ে হলুদাভ ফুল ফুটতে শুরু করেছে। সূর্যমুখী ফুলের জন্য রাস্তাটি সৌন্দর্য বাড়িয়েছে, এছাড়া প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার্থে সহযোগিতা করছে এই ফুল গাছগুলো। সারি সারি সূর্যমুখী ফুলের হলুদ রঙে মন ছুঁয়ে যাচ্ছে চলাচল রতপথচারী ও ব্যবসায়ীদের।

রাতে যেমন আইল্যান্ডের আলোতে রাস্তাটিকে আলোকিত করে ঠিক তেমনি দিনের বেলায় সূর্যমুখী ফুলের হলুদ রঙে সৌন্দর্যটা বহুগুণ বাড়িয়ে দেয়।

এন এস রোডের মৌবনের সামনে ছবি তুলছিলেন মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনী। তিনি জানান, সড়কের মাঝে সূর্যমুখী ফুল গুলো ফুটে থাকে যা দেখে অনেক ভালো লাগে। তাই ছবি তোলার লোভ সামলাতে পারলাম না।

কুষ্টিয়া সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি স্বপন হোসেন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করে ছাত্রলীগ কর্মী ইন্তাদুল হক পাপ্পু যে সূর্যমুখী ফুল গাছ লাগিয়েছে এর থেকে বোঝা যায় জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি তার কতটা ভালোবাসা রয়েছে। কুষ্টিয়া জেলা ছাত্রলীগ কর্মী পাপ্পুর প্রতি রইল ভালোবাসা।

কুষ্টিয়া জেলা ছাত্রলীগ কর্মী ইন্তাদুল হক পাপ্পু জানান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করে সূর্যমুখী ফুলের বীজ বপন করেছিলাম এন.এস রোডে যা আজ ফুল ফুটে রাস্তাটির সৌন্দর্য বাড়িয়েছে।

কুষ্টিয়া পৌরসভা কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি সূর্যমুখী ফুলগুলোর সঠিক পরিচর্যা করার জন্য, আগামীতেও আমার এ ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে। উল্লেখ্য, সামাজিক ভারসাম্য রক্ষার্থে নিয়মিত গাছ লাগানোর কর্মসূচি অব্যাহত রেখেছেন এই ছাত্রলীগ কর্মী।

কুষ্টিয়া পৌরসভার পরিকল্পনাবিদ রানভীর আহমেদ বলেন, শহরের সৌন্দর্য বৃদ্ধি করেছে এই এনএস সড়ক বিভাজনের মাঝে থাকা ফুটন্ত সূর্যমুখী ফুলগুলো।

আমরা অন্য ফুল গাছ লাগানোর পরিকল্পনা করেছিলাম এবং কিছু রোপন যদিও করেছিলাম তবে এই সূর্যমুখী ফুল রোপণ করা হয়েছে জেনে আমরা গাছগুলোতে নিয়মিত পানি দেওয়াসহ পরিচর্যা করেছি।

মেহেরপুরে স্কাউটস দিবস পালিত

বাংলাদেশ স্কাউটস দিবস উপলক্ষ্যে মেহেরপুর জেলা রোভার বিভিন্নভাবে দিনটি পালন করেছে।

শনিবার সকালে মেহেরপুর সরকারী মহিলা কলেজে পতাকা উত্তোলনের মধ্যে দিবসের কার্যক্রম শুরু হয়। পতাকা উত্তোলন ও সালাম প্রদর্শনের পর একটি র্যালী মেহেরপুর সরকারি মহিলা কলেজ থেকে শুরু হয়ে মেহেরপুর প্রেক্লাবের সামনে গিয়ে শেষ হয়। এরপর পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়।

এক সংক্ষিপ্ত আলোচনা সভায় মেহেরপুর জেলা রোভারের সহ-সভাপতি প্রফেসর নুরুল আহমেদ এর সভাপতিত্বে এবং জেলা রোভারের সম্পাদক ফররুখ আহমদ উজ্জল এর সঞ্চালনের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা রোভারের কমিশনার ও

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা রোভারের কোষাধ্যক্ষ এস এম রফিকুল আলম বকুল, সহকারী কমিশনার ওয়াজেদুল হক সহ জেলা রোভারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিট লিডার ও রোভার সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর রফিকুল ইসলাম রোভার দিবসের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরেন। মহামারী করোনার সময় ও দেশের বিভিন্ন দুর্যোগে রোভারদের ভুমিকার ভুয়শী প্রসংশা করেন তিনি। যে কোন দুর্যোগ ও দেশের প্রয়োজনে রোভারদের পস্তত থাকতে তিনি আহবান জানান। এছাড়া তিবি মেহেরপুর জেলা রোভারের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন।

শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগ আজ সুসংগঠিত – জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল বলেছেন এশিয়ার প্রাচীনতম রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামীলীগ। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামীলীগ আজ সুসংগঠিত। দলটি আজ দূর্বার গতিতে এগিয়ে যাচ্ছে। শেখ হাসিনার বিচক্ষণতায় বাংলাদেশ আওয়ামীলীগের প্রতিটি ইউনিট সঠিক নেতৃত্বে উঠে আসবে।
আজ শনিবার (১০ এপ্রিল) দুপুরে মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিলের উদ্বোধনী বক্তব্য রাখতে গিয়ে এসব কথা বলেন।

মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হেসেবে উপস্থিত আছেন বাংলাদেশ আওয়ামীলীগের খুলনা বিভাগীয় সমন্বয়ক বিএম মোজাম্মেল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আছেন, আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য পারভীন জামান কল্পনা এমপি, অ্যাডভোকেট গ্লোরিয়া ঝর্ণা সরকার।
সম্মলেন উদ্বোধন করেন মেহেরপুর-১ আসমনের এমপি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল।

উপস্থিত আছেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, মেহেরপুর-১ আসনের সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি জয়নাল আবেদীন, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অঢাডভোকেট মিয়াজান আলী, মেহেরপুর শহর আওয়ামীলীগের সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আক্কাছ আলী, সতর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দীন চুন্নু। উপস্থিত আছেন আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। সমাবেশ শেষে মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হবে।

মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের কাউন্সিল শুরু

দীর্ঘ ৮ বছর পর মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের ত্রি বাষিক কাউন্সিল শুরু হয়েছে। জেলার বিভিন্ন স্থান থেকে হাজার হাজার নেতা কর্মী এসেছে সমাবেশস্থলে।

শহীদ সামসুজ্জোহা পার্ক এখন কানায় কানায় পরিপূর্ণ হয়ে উঠেছে নেতা কর্মীদের ভীড়ে। শ্লোগানে শ্লোগানে মুখরিত পার্ক । সমাবেশ স্থলে নারী নেতা কর্মীদের উপচে পড়া উপস্থিতি চোখে পড়ার মত। প্রচন্ড গরম উপেক্ষা করে তারা তাল পাখা হাতে করে বসে আছেন সমাবেশস্থলে। বিভিন্ন স্তরের নেতা কর্মীরাও এসেছেন সমাবেশে।

জাতীয় সঙ্গীতের সুরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং কবুতর

উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হেসেবে উপস্থিত আছেন বাংলাদেশ আওয়ামীলীগের খুলনা বিভাগীয় সমন্বয়ক বিএম মোজাম্মেল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আছেন, আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য পারভীন জামান কল্পনা এমপি, অ্যাডভোকেট গ্লোরিয়া ঝর্ণা সরকার।

সম্মলেন উদ্বোধন করেন মেহেরপুর-১ আসমনের এমপি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল।

উপস্থিত আছেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, মেহেরপুর-১ আসনের সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি জয়নাল আবেদীন, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অঢাডভোকেট মিয়াজান আলী, মেহেরপুর শহর আওয়ামীলীগের সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আক্কাছ আলী, সতর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দীন চুন্নু। উপস্থিত আছেন আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। সমাবেশ শেষে মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হবে।

আগামীকাল গাংনী উপজেলা আওয়ামী লীগের সম্মেলন

দীর্ঘ প্রায় আঠার বছর পর আগামী ১০ এপ্রিল হতে যাচ্ছে বাংলাদেশ আওয়ামী লীগের গাংনী উপজেলা শাখার ত্রিবার্ষিক কাউন্সিল। আওয়ামী লীগের এই ত্রিবার্ষিক কাউন্সিলকে ঘীরে উপজেলা ব্যাপি শুরু হয়েছে উৎসব মুখর পরিবেশ। চাঙ্গা হয়ে উঠেছে তৃণমুলের নেতা কর্মীরা। তবে, কাউন্সিলকে ঘীরে উৎসবের পাশাপাশি উদ্বেগ উৎকন্ঠাও রয়েছে নেতা

কর্মীদের মাঝে।

গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে হবে এই ত্রিবার্ষিক সম্মেলন। সেখানে চলছে নানা প্রস্তুতি। সম্মেলনকে ঘীরে ইতোমধ্যে পোস্টার-ব্যানারে ছেয়ে গেছে পুরো উপজেলা শহরসহ বিভিন্ন গুরুত্বপূরর্ণ স্থান। প্রার্থীরা উপজেলা শহরের বিভিন্ন মোড়ে মোড়ে ও গৃরত্বপূর্ণস্থানে শোভা পাচ্ছে সুশোভিত তোরণ।এখন ব্যানার পোষ্টার শুধু উ্পজেলা শহর নয় বিস্তৃত হয়েছে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাঁড়াডোব থেকে খলিশাকুন্ডি শেষ সীমানা পর্যন্ত।ট্রাফিক আইল্যান্ড থেকে বৈদ্যুতিক তারের খুঁটি, কোথাও জায়গা খালি নেই আর। পুরো শহর এখন রঙিন বিলবোর্ডের দখলে।

গত ২০ মার্চ গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন হওয়ার কথা থাকলেও কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক সেটি স্থগিত করা হয়েছিল। তবে কাউন্সিলকে ঘীরে ইতোমধ্যে নানা ধরণের প্রপাগন্ডাও শুরু হয়েছে। কাউন্সিল হবে নাকি সিলেকশন হবে। এনিয়েও দলের নেতা কর্মীদের মাঝে নানা বিভ্রান্ত ছড়ানো হয়েছে।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি-সম্পাদকসহ গুরুত্বপূর্ণ পদগুলোতে কে কোন পদে স্থান পাচ্ছেন এ নিয়ে চলছে নানা জল্পনা- কল্পনা।

নতুন কমিটিতে সভাপতি ও সম্পাদক পদ কে পাবেন, তা নিয়ে নেতা- কর্মীদের মধ্যে চলছে আলোচনার ঝড়।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি পদে ৬ জন ও সাধারণ সম্পাদক পদে প্রায় ১৬ জনের নাম আলোচনায় রয়েছেন। দুএকজন বাদে কাউন্সিলরদের কাছে এসব প্রার্থীদের আলোচনায় না থাকলেও ফেষ্টুন রাস্তার মোড়ে মোড়ে দু একটা ব্যানার ফেস্টুন দিয়ে আলোচনায় আসতে চাচ্ছেন।

সভাপতি পদের জন্য ‘হেভিওয়েট’ প্রার্থী দলের বর্তমান সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, ডাক্তার এএসএম নাজমুল হক, সাবেক ছাত্রনেতা রিয়াজ উদ্দীন।

সাধারণ সম্পাদক পদে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন, উপজেলা আওয়ামী লীগের বর্তমান সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, মেহেরপুর

জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, নজরুল ইসলাম, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সাবেক উপজেলা চেয়ারম্যান একেএম শফিকুল আলম, জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল, আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর আলম বাদশা, সাবেক ছাত্র নেতা সবুক্তাগীন মাহমুদ পলাশ, সাবেক ছাত্রলীগ নেতা নুরুল ইসলাম রিন্টু চৌধুরী।

কাউন্সিল নিয়ে গাংনী উপজেলা আওয়ামী লীগের বর্তমান সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিুদুজ্জামান খোকন বলেছেন, দীর্ঘদিন পরে ১০ এপ্রিল গাংনী উপজেলা আওয়ামীলীগের ত্রি বার্ষিক কাউন্সিল। বাংলাদেশ আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগসহ সহযোগী সকল সংগঠণ বঙ্গবন্ধুর সকল সৈনিকদের প্রতি আহবান একটি উৎসব মুখর পরিবেশে এই কাউন্সিল অনুষ্ঠিত করার জন্য সকলের সহযোগীতা কামনা করছি।

এক প্রশ্নের জবাবে এমপি খোকন বলেন, কাউন্সিলরদের প্রত্যক্ষ ভোটেও কমিটি হতে পারে। মাননীয় নেত্রীর বিশেষ নির্দেশনায়ও কমিটি হতে পারে। দুটোই গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্যে পড়ে। যেটিকে কেন্দ্রীয় নেতৃবৃন্দ অনুস্বরণ করবে আমরা সেটিই মেনে নেবো। তবে আমরা চাই কাউন্সিলরদের প্রত্যক্ষ ভোটেই গাংনী উপজেলা আওয়ামীলীগের নেতৃত্ব নির্বাচিত হোক। গাংনীর সকল কাউন্সিলর যেনো তাদের ভোটাধিকার প্রয়োগ করে নেতা নির্বাচন করতে পারে। এতে নেতারাও যাতে তাদের কর্মীদের প্রতি দায়দায়ীত্ব থাকেন। এবং কর্মীরাও যেনো একটা তৃপ্তি নিয়ে বাড়ি যেতে পারে। কাউন্সিলের পরিবেশ ভাল আছে দাবী করে তিনি বলেন সু শৃংখলভাবেই ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হবে।

কাউন্সিলের সভাপতি প্রার্থী ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেন, আমি চিকিৎসা পেশায় থাকলেও জনগণের পাশে ছিলাম। জনগণের দাবীর কারনেই চাকরী থেকে পদত্যাগ করে জনগণের কাতারে এসেছি। করোণা কালিন সময়ে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র ও চিকিৎসা সেবা দিয়েছি। জনগণের স্বার্থে মনে প্রাণে এসব করেছি।

ত্রিবার্ষিক কাউন্সিল নিয়ে সাধারণ সম্পাদক প্রার্থী একেএম শফিকুল আলম বলেছেন গাংনীতে ত্রিবার্ষিক কাউন্সিলের মধ্য দিয়ে একটি নতুন নেতৃত্ব আসবে। এটি আওয়ামীলীগের নেতা কর্মীদের জন্য একটি আনন্দের বিষয়।আওয়ামীলীগের মধ্যে যে স্থবিরতা দেখা দিয়েছে সেটা প্রাণচাঞ্চল্যে ভরে উঠবে। এই কাউন্সিলের মাধ্যমে বিভেদহীন ঐক্যবদ্ধ একটি আওয়ামীলীগের কমিটি হবে। আমি হাইব্রীড নেতা নই। আমার বিরুদ্ধে কোনো বিতর্কও নেই। আমার রক্তে আওয়ামীলীগ আছে।ছাত্র জীবন থেকে ছাত্রলীগ ও আওয়ামীলীগের সাংগাঠনিক বিভিন্ন দায়ীত্ব পালন করেছি। আমার কাছে ব্যার্থতা ছিলনা।

নাম প্রকাশ না করার শর্তে আওয়ামীলীগের কয়েকজন ইউনিট সভাপতি জানান, আওয়ামীলীগ তৃণমুলের নেতা কর্মীদের দল। এখানে হাইব্রীড জাতীয় কোনো লোক বা বসন্তের কোকিল জাতীয় কোনো ব্যাক্তিকে মেনে নেওয়া হবেনা। যারা দীর্ঘদিন যাবৎ নেতা কর্মীদের পাশে থেকে আওয়ামীলীগকে সুসংগঠিত করেছে আমরা তাদেরই নেতা হিসেবে পেতে চাই।

আওয়ামী লীগের এই কাউন্সিলে গাংনী পৌর ইউনিট ও ৯ টি ইউনিয়ন ইউনিটের মোট কাউন্সিলর ৩১১ জন, গাংনী উপজেলা আওয়ামী সম্মেলনে কণ্ঠভোটোর মাধ্যমে আগামীর নেতা নির্বাচন করবেন।

দর্শনা ডি.এস ফাজিল মাদরাসায় এতিম শিক্ষার্থীর মাঝে আর্থিক অনুদান বিতরন

চুয়াডাঙ্গার দর্শনায় ডি.এস ফাজিল মাদরাসার শিক্ষার্থীদের মাঝে রমজান ও ঈদ উপলক্ষে আর্থিক অনুদান বিতরন করা হয়েছে।

গত বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে দর্শনা ডি.এস ফাজিল ডিগ্রী মাদরাসা ভবনে মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিজ অর্থায়নে ৩০ জন এতিম শিক্ষার্থীদের মাঝে নগদ অনুদান দেওয়া হয়।

পর্যায়ক্রমে অত্র মাদরাসার প্রায় শতাধিক শিক্ষার্থীদের মাঝে এ

অনুদান দেওয়া হবে। তবে এই অনুদান দেওয়াতে এতিম শিক্ষার্থীদের উচ্ছাস দেখে গতকালই মাদরাসার সকল শিক্ষক-শিক্ষিকা তাদের নিজ অর্থায়নে একটি ফান্ড তৈরি করেছেন। যে ফান্ড থেকে মাদরাসার সকল এতিম শিক্ষার্থীদের সার্বিক ভাবে সহায়তা প্রদান করা হবে।

মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরিফুজ্জামান আরিফ জানান, অত্র মাদরাসার প্রায় শতাধিক শিক্ষার্থীদের বেতন, ফি ছাড় এবং তাদের খাতা, কলম, ড্রেস সহ সার্বিক সহায়তা মাদরাসার পক্ষ থেকে করা হয়। তবে চলমান রমজান ও আসন্ন ঈদ কে সামনে রেখে এই আর্থিক অনুদান প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।

আজ তাদের এই উচ্ছাস দেখে আমি সত্যিই অনেক আনন্দিত। আমি আরও আনন্দিত যে, আজ আমাদের মাদরাসার সকল শিক্ষক-শিক্ষিকা তাদের নিজ অর্থায়নে একটি ফান্ড তৈরি করেছেন। যে ফান্ড থেকে মাদরাসার সকল এতিম শিক্ষার্থীদের সার্বিক সহায়তা করা হবে।

এসময় উপস্থিত ছিলেন, অত্র মাদরাসার অধ্যক্ষ আরিফুজ্জামান আরিফ, উপাধ্যক্ষ মাও. শফি উদ্দিন মোল্লা, বাংলা প্রভাষক আবুল হোসেন, প্রভাষক হামিদুল ইসলাম, প্রভাষক জগলুল হায়দার আফ্রিক, প্রভাষক আঃ রশিদ, প্রভাষক মুনজুর আহমাদ, প্রভাষক মাহবুবুর রহমান, প্রভাষক সাদিকুর রহমান, প্রভাষক ইব্রাহিম খলিল, প্রভাষক ফরিদা পারভিন, শিক্ষক- আবু জাফর, সুলতান হোসেন, আব্দুল হায়, আক্তার হোসেন, আল-আমীন, আনোয়ার হোসেন, বজলুর রহমান, মামুন হোসেন, নাসির উদ্দিন, শিক্ষিকা- লিনা পারভিন, নাসিমা আক্তার, ফারহানা তরফদার সহ সকল শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

“ভালোবাসার বন্ধন দর্শনা”র উদ্দ্যেগে এতিমদের মাঝে ইফতার বিতরন

“ভালোবাসার বন্ধন দর্শনা”র উদ্দ্যেগে এতিমদের মাঝে ইফতার বিতরন করা হয়েছে। শুক্রবার দর্শনা রুদ্রুনগর দারুল কোরআন হাফিজিয়া

মাদ্রাসার এতিমদের মাঝে ইফতার বিতরন করা হয়েছে।

ভালোবাসার বন্ধন দর্শনা সংগঠনের সাধারণ সম্পাদক মিয়া মোঃ নূরুন্নবী সুমনের পিতা মোরহুম আব্দুল সমালেক সনু মিয়ার রুহের আত্মার মাগফেরাত কামনায়, ভালোবাসার বন্ধন দর্শনার সহযোগিতায় রুদ্রনগর এতিমখানায় এতিমদের মাঝে ইফতার প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মাদ্রাসার মাহতামিম মাও. মোস্তফা কামাল, “ভালোবাসার বন্ধন দর্শনা”র সম্মানিত উপদেষ্টা মমিনুল ইসলাম, রাসেল আহমেদ শাওন, সাধারণ সম্পাদক মিয়া মোহাম্মদ নূরনবী সুমন, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, সাংস্কৃতিক সম্পাদক সেখ সাজু, শিক্ষা বিষয়ক সম্পাদক শোভন দাস সহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক চঞ্চল মেহমুদ ও আহসান হাবীব মামুন ও মাদ্রাসার শিক্ষক সহ শিক্ষার্থীবৃন্দ।